

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।  
Web: [www.rdotekhulna.gov.bd](http://www.rdotekhulna.gov.bd)  
Email: [rdokhulna@gmail.com](mailto:rdokhulna@gmail.com)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুঃবিঃ/১৩৪৭

তারিখঃ ০৬/০৮/২০১৯ খ্রিঃ

প্রাপক,  
প্রধান শিক্ষক,  
কাজলী মাধ্যমিক বিদ্যালয়,  
শ্রীপুর, মাগুরা।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার বিশেষ অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা ২০.০৭.২০১৯খ্রিঃ তারিখে আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে বিভিন্ন বিষয় চিহ্নিত করে একখানা প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে দেখা যায়ঃ

- ১। এসএসসি ভোকেশনাল শাখার শিক্ষকগণ শিক্ষার্থী উপস্থিতি, ফলাফল ও যন্ত্রপাতি সংরক্ষণে আন্তরিক নন।
- ২। ওয়ার্কশপে ব্যবহারিক ক্লাশ নেওয়ার মত পরিবেশ নেই।
- ৩। সঠিক ভাবে রুটিন প্রণয়ন করা হয় না।
- ৪। পর্যাপ্ত ব্যবহারিক ক্লাশ সম্পন্ন হয় না।
- ৫। ইয়ার প্লান নাই, ক্লাশটেস্ট ও কুইজটেস্ট নেওয়া হয় না।

এমতাবস্থায় উল্লিখিত অসংগতি সমূহের ব্যাখ্যা প্রদানসহ পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে যন্ত্রপাতি ওয়ার্কশপে স্থাপন এবং ব্যবহার উপযোগি করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২৪

(অনিমেশ পাল)  
আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর,  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

তারিখঃ ০৬/০৮/২০১৯ খ্রিঃ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/১৩৪৭

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। পরিচালক (পিআইডরিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর; ঢাকা।
- ২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), মাগুরা।
- ৪। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক, অত্র দপ্তর।
- ৫। সভাপতি, ম্যানেজিং কমিটি, কাজলী মাধ্যমিক বিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।

২৪  
(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর,  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।